পোল্ট্রি

পোল্ট্রি ব্যবসার ভমিকা

ব্যবসা হিসেবে কেন পোল্ট্রি

আপনার ক্রেতা কারা?

মুরগীর প্রকারভেদ কি কি হতে পারে?

প্রাথমিকভাবে কি কি উপকরণ প্রয়োজন ব্যবসা শুরু করতে?

কোথায় পাবেন এসব উপকরণ?

কেমন জনবল (Human Resource) প্রয়োজন?

সম্ভাব্য অর্থের / মূলধনের উৎস কি কি হতে পারে?

কেমন হবে আপনার আয়-ব্যয়?

কোথায় পাবেন পোল্ট্রি সংক্রান্ত প্রশিক্ষণ?

ব্যবসা সম্প্রসারণ হিসেবে নতুন সেবা কি কি যুক্ত করতে পারেন?

পরামর্শ

পোল্ট্রি ব্যবসার ব্যবসায় সফলতার গল্প

ডকুমেন্ট কন্ট্রল	
ডকুমেন্ট নং.	SMENBI ০০৩
প্রস্তুত	BIID
আপডেট তারিখ	০৫.০৫.২০১০

পোল্ট্রি

বাংলাদেশে বর্তমানে পোল্ট্রি শিল্পের উল্লেখযোগ্য বিকাশ ঘটেছে। শহর বা গ্রামঞ্চল নির্বিশেষে বাজারের মুরগি ও ডিমের চাহিদার বড় অংশ বর্তমানে পোল্ট্রি ফার্মগুলো দ্বারাই মেটানো হয়। পোল্ট্রি ব্যবসা হতে পারে একটি লাভজনক ব্যবসা।

ব্যবসা হিসেবে কেন পোল্ট্রি?

মুরগির মাংস এবং ডিমের চাহিদা স্থান, কাল পাত্রভেদে একই থাকে। মুরগি ও ডিম আমাদের দৈনন্দিন পুষ্টি চাহিদা মেটানোর অপরিহার্য অংশ। ফলে আপনার পণ্যের বিপণন ও বাজারজাত করন যথেষ্ট সহজসাধ্য হবে। ব্যবসা দাড় করিয়ে ফেলতে পারলে ক্রেতা খুব সহজেই পাওয়া যায় এবং ব্যবসা সাবলীলভাবে চলতে থাকে।

আপনার ক্রেতা কারা?

মুরগি এবং ডিমের ক্রেতা বিভিন্ন ধরনের হতে পারে। যেমন-

১. স্থানীয় জনগনের কাছে খুচরা বিক্রি।
২. পাইকারী বিক্রি।
৩. হোটেল, রেষ্টুরেন্টে বিক্রি।

মুরগীর প্রকারভেদ কি কি হতে পারে?

ব্যবসায়ের উদ্দেশ্যের ভিত্তিতে পোল্ট্রির জন্য দুই ধরনের মুরগী আছে।

১. মাংস উৎপাদনের জন্য ব্রয়লার মুরগী।
২. ডিম উৎপাদনের জন্য লেয়ার মুরগী।

ব্রয়লার:

মাংস উৎপাদনের জন্য বিশেষ ধরনের মুরগীকে ব্রয়লার মুরগী বলে। মাত্র ৩০ থেকে ৩৫ দিনে এদের দেহের ওজন দেড় থেকে পৌনে দুই কেজি হয়। এ সময় এরা এক কেজি ওজন অর্জনের জন্য প্রায় দেড় কেজি খাবার খাবে। এদের মাংস সুস্বাদু ও নরম।

কিছু জনপ্রিয় ব্রয়লার মুরগীর জাত হল-

কর ৫০০	হাইব্রো পি এন
হাবার্ড ক্ল্যাসিক	আরবার একর
স্টার ব্রো	

লেয়ার মুরগী:

লেয়ার মুরগী হলো ডিম উৎপাদনের জন্য বিশেষ মুরগী। এদের ১ দিন বয়স থেকে পালন করা হয় এবং এরা ১৮ থেকে ১৯ সপ্তাহ বয়সে ডিম দিতে শুরু করে। উৎপাদনকাল ৭২ থেকে ৭৮ সপ্তাহ পর্যন্ত স্থায়ী হয়। ডিম উৎপাদনশীল অবস্থায় এরা গড়ে প্রায় সোয়া দুই কেজি খাবার খেয়ে এক কেজি ডিম উৎপাদন করে। ডিমের প্রকৃতি অনুসারে লেয়ার মুরগি দুই ধরনের-

১. **সাদা ডিম উৎপাদনকারী-** এরা তুলনামুলক ভাবে আকারে ছোট ও কম খাদ্য গ্রহন করে। যেমন- ইসা হোয়াইট, লেহম্যান হোয়াইট, নিকচিক, ব্যবকক বিভি-৩০০, হাবার্ড হোয়াইট, হাই সেক্স হোয়াইট, শেভার হোয়াইট, হাইলাইন হোয়াইট, বোভান্স হোয়াইট।
২. **বাদামী ডিম উৎপাদনকারী-** এরা তুলনামুলক বাবে আকারে বড়। খাদ্য বেশী খায়, ডিমের আকার বড় ও রং বাদামী। যেমন- ইসা ব্রাউন, হাই সেক্স ব্রাউন, শেভার ৫৭৯, লোহম্যান ব্রাউন, হাই লাইন ব্রাউন, ব্যবকক বিভি-৩৮০, গোল্ড লাইন, ব্যকলোনা টেট্রা, ব্যবলোনা হারকো, হাবার্ড ব্রাউন।

প্রাথমিকভাবে কি কি উপকরণ প্রয়োজন ব্যবসা শুরু করতে?

মুরগীর বাচ্চা হলো পোল্ট্রির প্রাথমিক কাঁচামাল। অবকাঠামো ছাড়া অন্যান্য যেসব সরঞ্জামের প্রয়োজন হবে তার লিষ্ট দেয়া হলো।

পট, চিক ট্রে, পানির পাত্র, লাইট এবং ব্রুডার	নেস্ট প্যাড
ডেজার্ট কুলিং সিস্টেম	এগ ট্রে
কুলিং প্যাড	এগ ক্রেট
ব্লোয়ার ফ্যান	থার্মোমিটার
ইনসুলেটিং যন্ত্রপাতি ও যন্ত্রাংশ	ইনফ্রারেড হিটার
পরিবেশ নিয়ন্ত্রক যন্ত্রপাতি	ইলেকট্রিক হিটার
নিপন ড্রিংকার/কাপ	গ্যাম ব্রুডার
ফিডার	

খাবার:

মুরগীর জাত, বয়স, ওজন ও উপযোগীতা অনুসারে প্রয়োজনীয় বিভিন্ন পুষ্টি উপাদানের নির্দিষ্ট পরিমান ও অনুপাত দিয়ে তৈরি খাদ্যকে সুষম খাদ্য বলে। সুষম খাদ্যের সাথে বিভিন্ন প্রকার ভিটামিন, এনজাইম, এমাইনো এসিড ও রাসায়নিকদ্রব্য মিশ্রন করে সম্পূর্ণ খাদ্য তৈরি করতে হয়। আমিষ জাতীয় খাদ্য উপকরণ হল- ফিস মিল, মিট ও বোন মিল, ব্লাড মিল, ফিদার মিল, সয়াবিন মিল, তিন খল, তৈল বিজের খৈল ইত্যাদি। শর্করা জাতীয় উপকরণ হল- গম,

ভুট্টা, সাইলো, লবন, ঝিনুক, ডাইক্যালসিয়াম ফসফেট, রকসল্ট ইত্যাদি। চর্বি জাতীয় খাদ্য পোল্ট্রি অয়েল ও সয়াবিন তেল। এছাড়াও ভিটামিন মিনারেল প্রিমিক্স খাদ্য মিশ্রিত করতে হয়।
ঔষধ: মুরগীর জন্য সাধারন ঔষধগুলো হল- প্রিস্ট্রাটার, গরোয়ার, এফস্ট্রেন বা বিসিআরডিভি, গামবোরো, ভ্যাকসিন, কাউল পক্স ভ্যাকসিন, একস্ট্রেন বা এনবিক্লোন ইত্যাদি।

কোথায় পাবেন এসব উপকরণ?

মুরগীর বাচ্চা- স্থানীয় বড় পোল্ট্রি ফার্ম। খাবার- কিনতে হবে ও উপকরণ সমূহ কিনে মিশ্রিত করতে হবে। ঔষধ- ঔষধ প্রস্তুত ও বাজারজাতকারী কোম্পানীগুলোর স্থানীয় এজেন্টদের কাছ থেকে সংগ্রহ করতে হবে।
বাজারজাতকরণ: আপনার এলাকার বাজারের চাহিদা অনুযায়ী ডিম ও মাংস খুচরা, পাইকারী বিক্রি করতে পারেন। হোটেল, রেষ্টুরেন্ট, ডিপার্টমেন্টাল ষ্টোর ইত্যাদির সাথে চুক্তি করে নিয়মিত সরবরাহ করতে পারেন। আপনার এলাকার ক্রেতাদের বৈশিষ্ট্য ও সক্ষমতা অনুযায়ী বাজারজাতকরণ ও বিপনন কৌশল নির্ধারণ করুন।

কেমন জনবল (Human Resource) প্রয়োজন?

সাধারণত প্রতি ৬০০ মুরগীর জন্য নিয়মিত ভিত্তিতে একজন করে কর্মীর প্রয়োজন হয়।

সম্ভব্য অর্থের / মূলধনের উৎস কি কি হতে পারে?

মূলধন ও হিসাবের সাধারন ধারণা দেয়া হল:-

ব্যয়ের খাত	**পরিমাণ**	**একক মূল্য**	**মোট ব্যয়**
বাচ্চা ক্রয়	৬০০ টি	৪২ টাকা	২৫,২০০/-
খাদ্য	৬০০ টি মুরগীর জন্য	৭০ টাকা / মুরগী	৪২,০০০/-
ঔষধ	৬০০ টি মুরগীর জন্য	৭ টাকা / মুরগী	৪,২০০/-
বিদ্যুৎ	৬০০ টি মুরগী / ৩৫ দিন	০.৫০ টাকা	৩,০০০/-
নিয়মিত শ্রমিক	১ জন / ৩৫ দিন	৩০০০ টাকা	৩,০০০/-
তুশ ক্রয়	২ বস্তা	৪০০ টাকা	৮০০/-
সর্বমোট ব্যয়			**৭৮,২০০/-**

মূলধনের উৎস:

আপনার নিজস্ব অর্থায়ন ছাড়াও পোল্ট্রি স্থাপন, পরিচালনা ও ব্যবসা সম্প্রসারণের জন্য এ ব্যাংক ও ক্ষুদ্র ঋণ প্রদানকারী সংস্থা থেকে ঋণ নিতে পারেন।

ঋণ সংক্রান্ত তথ্যের জন্য এখানে **ক্লিক** করুন।

কেমন হবে আপনার আয়-ব্যয়?

মূলধন ও হিসাবের সাধারন ধারণা দেয়া হল:-

ব্যয়ের খাত	**পরিমাণ**	**একক মূল্য**	**মোট ব্যয়**
বাচ্চা ক্রয়	৬০০ টি	৪২ টাকা	২৫,২০০/-
খাদ্য	৬০০ টি মুরগীর জন্য	৭০ টাকা / মুরগী	৪২,০০০/-
ঔষধ	৬০০ টি মুরগীর জন্য	৭ টাকা / মুরগী	৪,২০০/-
বিদ্যুৎ	৬০০ টি মুরগী / ৩৫ দিন	০.৫০ টাকা	৩,০০০/-
নিয়মিত শ্রমিক	১ জন / ৩৫ দিন	৩০০০ টাকা	৩,০০০/-
তুশ ক্রয়	২ বস্তা	৪০০ টাকা	৮০০/-
সর্বমোট ব্যয়			**৭৮,২০০/-**

মূলধনের উৎস:

আপনার নিজস্ব অর্থায়ন ছাড়াও পোল্ট্রি স্থাপন, পরিচালনা ও ব্যবসা সম্প্রসারণের জন্য এ ব্যাংক ও ক্ষুদ্র ঋণ প্রদানকারী সংস্থা থেকে ঋণ নিতে পারেন।

ঋণ সংক্রান্ত তথ্যের জন্য (এখানে ক্লিক করুন)

কোথায় পাবেন পোল্ট্রি সংক্রান্ত প্রশিক্ষণ?

লাভজনকভবে পোল্ট্রি ফার্ম পরিচালনা ও রক্ষণাবেক্ষণ করতে হলে এ বিষয়ে আপনাকে ও আপনার কর্মীদের পর্যাপ্ত জ্ঞান ও ধারনা থাকতে হবে। প্রাথমিকভাবে কিছু পোল্ট্রি ফার্ম পরিদর্শন করে সংশ্লিষ্টদের সাথে কথা বলে ধারনা নিন। লোক নিয়োগের ক্ষেত্রে পূর্বে পোল্ট্রিতে কাজ করার অভিজ্ঞতা আছে এমন ব্যক্তিদের অগ্রাধিকার দিন। পোল্ট্রির জন্য বিস্তারিত তথ্যের জন্য নিম্নলিখিত বইপত্র ও ওয়েবসাইট দেখতে পারেন-

* ব্রয়লার মুরগী পালন ও ব্যবসা বিষয়ক সহায়িকা- SEDF, BRAC এপ্রিল ২০০৫
* ব্রয়লার মুরগী পালন- মুহাম্মদ ফজলুল হক, ১৯৯৯

* বাণিজ্যিক মুরগী উৎপাদন - প্রশিক্ষণ হ্যান্ড বুক (প্রশিক্ষকদের জন্য) পশুসম্পদ অধিদপ্তর, কৃষি খামার সরক, ঢাকা, মে ২০০১ ।
* পশু পাখির রোগ প্রতিরোধ টিকা উৎপাদন, সংরক্ষণ ও ব্যবহার নির্দেশিকা, পশুসম্পদ অধিদপ্তর, বাংলাদেশ ১৯৯৯ ।
* পোল্ট্রির রোগ প্রতিরোধ ও চিকিৎসা, মুহাম্মদ ফজলুল হক ২৯৯৭/৭, বাংলাদেশ পোল্ট্রি ডাইরেক্টরী-২০০৫/৮, ফিল্ড সার্ভে ২০০৭ ।

www.ruralinfobd.com
www.byabsharkhobor.com

ব্যবসা সম্প্রসারণ হিসেবে নতুন সেবা কি কি যুক্ত করতে পারেন?

ভালভাবে ব্যবসা পরিচালনা করে আপনার লাভের টাকা ও প্রয়োজনে ব্যাংক ও ক্ষুদ্রঋণ প্রদানকারী সংস্থা থেকে ঋণ নিয়ে ব্যবসা সম্প্রসারণ করতে পারেন। খামার বড় করার পাশাপাশি বাজারের চাহিদা অনুযায়ী ব্রয়লার ও লেয়ার উভয় ধরনের মুরগী পালন করতে পারেন। পরবর্তীতে মুরগীর বাচ্চা উৎপাদন করে ফার্মে নিজের উৎপাদিত বাচ্চা ব্যবহার করার পাশাপাশি অন্য ফার্মে বাচ্চা বিক্রি করে প্রচুর অর্থ লাভ করতে পারেন। সঠিকভাবে ব্যবসা পরিচালনা করার সাথে সাথে ভবিষ্যত ব্যবসা সম্প্রসারণের পরিকল্পনা গ্রহন করাটা জরুরী ।

তথ্যসূত্র:

- www.ruralinfobd.com
- www.byabsharkhobor.com